

‘ছেলে হোক, মেয়ে হোক
দুটি সন্তানই যথেষ্ট’

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
এমসিএইচ সার্ভিসেস ইউনিট (১১ তলা)
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dgfp.gov.bd



স্মারক নং-৫৯.১১.০০০০.৮৫৫.৩৭.০০৮.২২, ১৯৮


তারিখ : ২৭/০২/২০২৩ খ্রি,

পরিপত্র

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, জনাব জাহিদ মালেক এমপি গত ১৮/১০/২০২২ খ্রি: তারিখে দেশব্যাপী ৫০০ টি মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র উদ্বোধন করেন। ইতিমধ্যে মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে জনবল পদায়ন করা হয়েছে। ২৪/৭ সার্বক্ষণিক স্বাভাবিক প্রসব সেবা সহ অন্যান্য সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে সুপারভিশন ও মনিটরিং কার্যক্রম জোরদার করা প্রয়োজন। ১৫/০১/২০২৩ খ্রি: তারিখে অনুষ্ঠিত পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এডিপি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত মাসিক সভায় অধিদপ্তর, বিভাগ এবং জেলা পর্যায়ের কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে সরকারী ভ্রমনকালে আবশ্যিকভাবে মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পরিদর্শন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, অধিদপ্তর, বিভাগ এবং জেলা পর্যায়ের কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে সরকারী ভ্রমনকালে আবশ্যিকভাবে মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পরিদর্শন পূর্বক প্রাপ্ত সমস্যা এবং সুপারিশ সহ পরিদর্শন প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

মহাপরিচালক (গ্রেড-১), পরিবার পরিকল্পনা অধিদপ্তর মহোদয়ের সদয় নির্দেশক্রমে।



(ডঃ মোঃ মুন্তার রহমান)

পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস) ও
লাইন ডাইরেক্টর (এমসিআরএএইচ)
ফোন-০২-৫৫০৮২৩৫৮

E-mail:-dirmchsf@gmail.com

স্মারক নং-৫৯.১১.০০০০.৮৫৫.৩৭.০০৮.২২

তারিখ :

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল) পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
- ৩। বিভাগীয় পরিচালক (সকল বিভাগ)।
- ৪। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা (সকল)-----জেলা।
- ৭। সহকারী পরিচালক, (সিসি/পঃপঃ) জেলা পরিবার পরিকল্পনা (সকল)-----জেলা।
- ৮। রিজিউনাল/ডিস্ট্রিক্ট কনসালটেন্ট (এফপিসিএস-কিউআরটি), (সকল)-----অঞ্চল/জেলা।
- ৯। মহাপরিচালক (গ্রেড-১), মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
- ১০। পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
- ১১। অফিস কপি।

(ডঃ জিনাত সুলতানা)
সহকারী পরিচালক(এমসিএইচ)